দৈনিক
ইত্তেফাক

তারিখ 06 MAR 2016
পৃ কলাম

# শিক্ষক লাঞ্ছনা : দুই পরীক্ষার্থীর কারাদণ্ড

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লায় পরীক্ষা চলাকালে কর্তব্যরত শিক্ষককে লাঞ্ছিত করার দায়ে দুই পরীক্ষার্থীকে একমাস করে কারাদণ্ড দেয়া হয়েছে। কারাদণ্ডপ্রাপ্ত দুই পরীক্ষার্থী হলো- জেলার সদর দক্ষিণ উপজেলার রামপুর গ্রামের নুরুজ্জামান খানের ছেলে রাশেদ খান ও মুরাদনগর উপজেলার পীরকাশেমপুর গ্রামের তোফায়েল আহমদের ছেলে ফজলে রাব্বী। শনিবার নগরীর কুমিল্লা সরকারি কলেজে বিএড পরীক্ষা চলাকালে এ ঘটনা ঘটে। লাঞ্ছিত শিক্ষক ও কলেজ সূত্রে জানা যায়, শনিবার কুমিল্লা সরকারি কলেজে বিএড পরীক্ষা চলাকালে সকাল ১০টায় একটি হলের কয়েকজন পরীক্ষার্থী তাদের নিজ নিজ আসনের পরিবর্তে অন্য আসনে বসে।

এসময় ওই হলের কর্তব্যরত শিক্ষক সোহেল রানা তাদেরকে শৃঙ্খলা ভঙ্গ না করে নিজ নিজ আসনে বসে পরীক্ষা দেয়ার জন্য বলেন। এতে ওই দু'জনসহ কয়েকজন পরীক্ষার্থী ওই শিক্ষককে লাঞ্ছিত করে। পরে কলেজ কর্তৃপক্ষ তাদেরকে ভ্রাম্যমাণ আদালতে সোপর্দ করে। আদালত ওই পরীক্ষার্থীকে একমাস করে কারাদণ্ড দিয়ে জেলহাজতে প্রেরণ করে।